গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০৪.২০১৮-৯২০

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ / ০১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশ জেল সদস্যদের দাড়ি গোঁফ রাখা সংক্রান্ত নির্দেশনা।

বাংলাদেশ জেল সরকারের একটি সুশৃংখল পোশাকধারী সংস্থা, যার সদস্যরা সুনির্দিষ্ট বিধি নিষেধের আওতায় পরিচালিত হন। ইদানিং কিছু কিছু কারা কর্মচারী বিভিন্নভাবে দাড়ি গোঁফ রেখে বিভিন্ন আঙ্গিকে অঙ্গভঙ্গি করে সামাজিক যোগাযোগের মাধ্যমে ছবি পোস্ট করছেন যা দৃষ্টিকটু। তাছাড়া বিভিন্ন মত পথে বিশ্বাসী হয়ে কর্মচারীরা ছোট, বড় জট পাকানো বিভিন্ন মাপের দাড়ি রাখছেন যা অনেক সময় পোশাকের সাথে বেমানান। তাই ধর্মীয় মূল্যবোধের আলোকে কোন কারা কর্মচারী দাড়ি গোঁফ রাখতে চাইলে এখন থেকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরন করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১। দাড়ি গোঁফের মাপ ধর্মীয় অনুশাসনের আলোকে হবে। মুসলিমদের ক্ষেত্রে দাড়ি এক মুষ্টি পরিমাণ।

২। দাড়ি গোঁফ রাখার পূর্বে কারা কর্মচারীদের তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদন প্রদানের ক্ষেত্রে শুধু ধর্মীয় অনুশাসন প্রতিপালনের বিষয়ে বিবেচনা করা হবে।

৩। অতিরিক্ত লম্বা, জট পাকানো ফ্রেঞ্চ কাট, বিভিন্ন ফ্যাশন এর দাড়ি যা ইউনিফর্মের সাথে দেখতে বেমানান দাড়ি গোঁফ রাখা যাবেনা।

৪। বিভিন্ন রকম দৃষ্টিকটু কাটিং করে দাড়ি গোঁফ রাখা যাবেনা।

সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ ও বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকগণ এ বিষয়টি যথাযথ নিশ্চিত করবেন।

স্বাক্ষর/- ০১/০৪/১৮

(মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন)
বিজে নং-০১৮০১১০০৫১৫
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৬৬ (দপ্তর)।
aig.adm@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

শুধুমাত্র ই-মেইল যোগে প্রেরণ করা হলো।